



## আয়ম খান সরকারি কমার্স কলেজ, খুলনা

Web site : www.akcc.gov.bd

স্মারক নং আসকক-২০১৯/..

তারিখঃ ২৯/০৪/২০১৯ খ্রি.

## ২০১৮ সালের ডিগ্রী পাস কোর্স পরীক্ষার (২য় বর্ষ) ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৮ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের ফরম পূরণের নির্ধারিত তারিখ নিম্নরূপ:

ফরম পূরণঃ ০৬/০৫/২০১৯ খ্রি. ও ০৭/০৫/২০১৯ খ্রি. তারিখ।

নির্দিষ্ট তারিখের পর আর কোন আবেদন ফরম পূরণ করা যাবে না। কলেজের যাবতীয় পাওনা পরিশোধ সাপেক্ষে পরীক্ষার আবেদন ফরম পূরণের সময় দেয় টাকার পরিমাণ :

ক্রমিক নং	বিবরণ	নিয়মিত	অনিয়মিত / মানউন্নয়ন
১	পরীক্ষার্থী ফি (প্রতি পত্র ১০০ x ৭)	৭০০/-	১০০/- প্রতি পত্র
২	ইনকোর্স পরীক্ষার বিশ্ববিদ্যালয় ফি	১০০/-	
৩	কেন্দ্র ফি (প্রতি পরীক্ষার্থী)	৪৫০/-	৪৫০/-
৪	ইনকোর্স পরীক্ষার কলেজ ফি	২০০/-	
৫	বেতন (২৫ x ১২)	৩০০/-	--
৬	সেশন চার্জ (ব্যবস্থাপনা ফি সহ)	১৮০৫/-	ব্যব: ফি: ৫০/-
৭	সোনালী সেবা	৫/-	৫/-
৮	বিশেষ অন্তর্ভুক্তি ফি বিশ্ববিদ্যালয়	-	৩০০/-
	মোট =	৩৫৬০/-	

বিদ্রঃ অনিয়মিত যে সকল শিক্ষার্থী পূর্বে ২য় বর্ষের ফরম পূরণ করে নাই তাহারা পূর্ণ:ভর্তি হয়ে ফরমপূরণ করবে।

\*উল্লেখ্য অনলাইন ফরম এ উল্লিখিত ফি সহ কলেজ কর্তৃক নির্ধারিত অন্যান্য ফিসাদি কলেজ ব্যাংক কাউন্টারে রসিদ বই এর মাধ্যমে জমা দিতে হবে। অনলাইন আবেদন ফরম (ছবিসহ), রেজিঃ কার্ড ও রসিদ বহির ফটোকপি সংযুক্ত করে কলেজ অফিসে জমা দিতে হবে। মান উন্নয়নের ক্ষেত্রে ফলাফলের কপি সংযুক্ত করতে হবে।

পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলীঃ

ক) ডিগ্রী পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষা নিয়মিত (৭০০ নম্বর) :

i) ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০১৭ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০১৭ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted (উত্তীর্ণ) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদেরকে ২য় বর্ষে বাংলা জাতীয় ভাষা আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iii) ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যনীয়।

ক) ডিগ্রী পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষা অনিয়মিত (৭০০ নম্বর) :

i) ২০১৫-২০১৬, ২০১৮-২০১৫ ও ২০১৩-১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৬, ২০১৫ ও ২০১৪ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০১৭, ২০১৬, ২০১৫ ও ২০১৪ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে উত্তীর্ণ (Promoted) হয়েছে কিন্তু ২০১৭, ২০১৬ ও ২০১৫ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

ii) ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৬ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০১৭ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে শর্তসাপেক্ষে ৩য় বর্ষে উত্তীর্ণ (Promoted-c) হয়েছে সে সকল শিক্ষার্থীরা অনুপস্থিত বিষয়ে অবশ্যই এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদেরকে ২য় বর্ষে বাংলা জাতীয় ভাষা আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৩য় ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iii) ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যনীয়।

অকৃতকার্য ও মানোন্নয়নঃ

\* ২০১৫-২০১৬, ২০১৮-২০১৫ ও ২০১৩-১৪ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ২০১৭, ২০১৬ ও ২০১৫ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে বা কোন পত্র/কোর্সে F গ্রেড পেয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

\* ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ২০১৭ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে কোন পত্র/কোর্সে C গ্রেড বা D গ্রেড পেয়েছে তারা সর্বোচ্চ দু'টি কোর্স/পত্র মনোন্নয়ন এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

আবেদন ফরম ও বিবরণী ফরম পূরণের নিয়মাবলীঃ

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/degree-pass) এ গিয়ে Apply to online form Fillup (For Student) লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন পেনে একাধিক পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে।

খ) প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে দিতে হবে।

গ) ফিসহ প্রিন্টকৃত আবেদন ফরমে দুইটি অংশ থাকবে। উভয় অংশে অধ্যক্ষ স্বাক্ষর করার পর উপরের অংশ পরীক্ষার্থী সংরক্ষণ করবে এবং নিচের অংশটি আবেদনকারী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে অবশ্যই জমা দিতে হবে।

প্রতিষ্ঠান

অধ্যক্ষ

আয়ম খান সরকারি কমার্স কলেজ

খুলনা

আয়ম খান সরকারি কমার্স কলেজ

ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষা-২০১৮

আয়ম খান সরকারি কমার্স কলেজ, খুলনা।